

বিভাগীয় সমিতির জরুরি সভা

তারিখ: ১৩/০২/২০১৮

স্থান: বিভাগীয় প্রধানের কক্ষ

সময়: দুপুর ১ টা

উপস্থিত সদস্য:

- ১। সুজিতকুমার পাল ১৩/০২/২০১৮
- ২। শ্রুতিনাথ চক্রবর্তী ১৩/০২/২০১৮
- ৩। বাণীরঞ্জন দে ১৩/০২/২০১৮
- ৪। ছন্দা ঘোষাল ১৩/০২/২০১৮
- ৫। মনাজ্জলি বন্দ্যোপাধ্যায় ১৩/০২/২০১৮
- ৬। সরোজকুমার পান ১৩/০২/২০১৮

আলোচ্য বিষয়:

- ১। নূতন পাঠক্রম
- ২। বিভাগীয় জার্নাল
- ৩। বিশেষ বক্তৃতা
- ৪। Report on evolution of Teachers by the students
- ৫। বিবিধ

সিদ্ধান্ত:

- ১) ১০/০১/১৮ তারিখের বিভাগীয় জরুরী সভার সিদ্ধান্তগুলি অনুমোদিত হল।
- ২) নূতন পাঠক্রম তৈরীর কাজ শুরু হল।
- ৩) বিভাগীয় জার্নালের লেখা জমা পড়েছে, জার্নাল বের হবার প্রস্তুতি চলছে। কার্যনির্বাহী সম্পাদক বিভাগীয় প্রধান হবেন। সম্পাদকমণ্ডলীতে থাকবেন - ১) ড. সুজিতকুমার পাল (বিভাগীয় প্রধান ও কার্যনির্বাহী সম্পাদক), ২) অধ্যাপক শ্রুতিনাথ চক্রবর্তী, ৩) অধ্যাপক

His
16.01.19
Dean (Acting)
Faculty of Arts & Commerce
VIDYASAGAR UNIVERSITY
Midnapore-721102

His
14/01/19

বাণীরঞ্জন দে, ৪) অধ্যাপিকা ছন্দা ঘোষাল, ৫) ড. মনাঞ্জলি বন্দ্যোপাধ্যায়, ৬) ড. সরোজ কুমার পান। উপদেষ্টা মণ্ডলীতে থাকবেন - ১) অধ্যাপক রঞ্জন চক্রবর্তী, ২) অধ্যাপক জয়ন্ত কিশোর নন্দী, ৩) অধ্যাপক দামোদর মিশ্র। এদের অনুমতি নেওয়ার দায়িত্ব বিভাগীয় প্রধানকে দেওয়া হল।

৪) মাননীয় উপাচার্য বিশেষ বক্তৃতার জন্য যে তালিকা অনুমোদন করেছেন, তা মার্চ মাসের শেষের মধ্যে অনুষ্ঠিত হবে।

৫। শিক্ষক মূল্যায়নের জন্য ক) ছাত্র-ছাত্রীদের বাংলায় মূল্যায়নের পরিভাষার অর্থ বুঝিয়ে বলতে হবে। খ) শিক্ষক মূল্যায়ন পত্রের ৮ নং পয়েন্টে লেখা আছে - 'Does the teacher the evaluation scripts of internal assessment within a reasonable amount of time?' যে অধ্যাপক বা অধ্যাপিকা আভ্যন্তরীণ মূল্যায়নের সঙ্গে যুক্ত নন, তাঁর ক্ষেত্রে প্যারামিটার ৮ এর উত্তরের স্থানে ছাত্র-ছাত্রীরা কী লিখবে? এটি কর্তৃপক্ষকে জানানোর জন্য বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হচ্ছে। গ) যে ছাত্র-ছাত্রীরা এই মূল্যায়ন করবে, তাদের উপস্থিতির ন্যূনতম হার ৭৫% হওয়া উচিত বলে বিভাগ মনে করে। ঘ) অধ্যাপক বানী রঞ্জন দে এ- বিষয়ে তাঁর অভিজ্ঞতার কথা জানালেন। - কখনো কখনো দেখা যায়, শিক্ষকরা বিশ্ববিদ্যালয়ের কাছে ব্যস্ত থাকার কারণে ক্লাস নিতে না পারলে ছাত্র-ছাত্রীরা তাঁকে ক্লাস নেওয়ার ক্ষেত্রে অনিয়মিত অধ্যাপক বলে মনে করেন। - এই সমস্যার সমাধানের জন্য ছাত্র-ছাত্রীদের শিক্ষকদের অনিয়মিত হবার কারণ অবহিত করার সিদ্ধান্ত নেওয়া হল।

আর কোনো আলোচ্য না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত হল।

সুজিত কুমার পাল

১৩/০২/২০১৮

Alisa
bean (Acting)
Faculty of Arts & Commerce
VIDYASAGAR UNIVERSITY
Midnapore-721102

14/01/19